নড়িয়ার ক্ষতিগ্রস্ত মানুষকে ৩১ ডিসেম্বর পর্যন্ত ভিজিএফ সহযোগিতা দেওয়া হবে
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রীর নড়িয়ার ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শন
নড়িয়া (শরিয়তপুর), ১৮ সেপ্টেম্বর ২০১৮

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া, বীরবিক্রম, এমপি বলেছেন, নড়িয়ার ক্ষতিগ্রস্ত মানুষকে ৩১ ডিসেম্বর পর্যন্ত ভিজিএফ সহযোগিতা দেওয়া হবে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ত্রাণভান্ডারে ত্রাণের অভাব নেই। কেউ যাতে খাদ্যে কষ্ট না পায় তার জন্য সকলকে আন্তরিক হতে হবে।

তিনি আজ নড়িয়া উপজেলার সাম্প্রতিক নদী ভাঙ্গান এলাকা পরিদর্শন করে ক্ষতিগ্রস্ত মানুষের জন্য ত্রাণ সামগ্রী বিতরণ করেন। কর্ণেল (অব) শওকত আলী এমপি, বিএম মোজাম্মেল হক এমপি, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সচিব মোঃ শাহ্ কামাল, আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক একেএম এনামুল হক শামীম, এডভোকেট নাভানা আক্তার এমপি, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মহাপরিচালক সৈয়দ এমএ হাসিম প্রমুখ উপস্থিত ছিলেন।

নড়িয়ার নদীভাঙ্গানে ক্ষতিগ্রস্ত প্রায় ৫ হাজার পরিবারের ত্রাণ সহায়তা হিসেবে ভিজিএফ ছাড়াও ঘরবাড়ি নির্মাণের জন্য প্রাথমিকভাবে ৫ হাজার বান্ডিল ঢেউটিন, ঘর নির্মাণ মঞ্জুরী হিসেবে ১ কোটি ৫০ লক্ষ টাকা, জরুরী প্রয়োজন মিটানোর জন্য ৫০ লক্ষ টাকা ও ১০ হাজার প্যাকেট শুকনো খাবার বরাদ্দ দেওয়া হয়।

মন্ত্রী এ সময় নড়িয়া উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভায় অংশগ্রহণ করেন। সভায় জেলা প্রশাসক কাজী আবু তাহের জানান নড়িয়ার ডুবো চরের কারনে পার্শ্ববর্তী এলাকা বেশী করে ভাঙ্গছে। তাই ডুবোচরগুলোর ড্রেজিং করার জন্য ইতোমধ্যে ড্রেজার এসেছে। শীঘ্রই ড্রেজিং শুরু হবে। ক্ষতিগ্রস্ত সকল পরিবারের মানবিক দিকগুলো বিবেচনা করে দ্রুত তাদের খাদ্য, আশ্রয়, চিকিৎসা, সুপেয় পানির ব্যবস্থা করার জন্য দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য সচিব উপজেলা কমিটিকে নির্দেশ প্রদান করেন।

মোহাম্মদ ওমর ফারুক দেওয়ান
উপপ্রধান তথ্য অফিসার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
০১৯৪৩৪৪৬৩২৩